



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৯২.২০১৯/ ১৬/৫

তারিখ: ০৬/০৯/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: অধ্যক্ষের দায়িত্ব পালন।

- সূত্র: (ক) জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান এর ১৯/০৮/২০১৯খ্রি. তারিখের আবেদন।
(খ) মাউশির পত্র নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৯২.২০১৯/৪১৯৪/২; তারিখ: ৩০/০৯/২০১৯খ্রি.
(গ) জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান এর ২৮/১০/২০২০ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজে কর্মরত ও এমপিওভুক্ত জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান কে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য জনাব মোঃ এ.বি. ছিদ্দিক সূত্র (ক) পত্র মোতাবেক আবেদন করেন। প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মুহাঃ আতাউর রহমান এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় চাকুরী হতে অবসরে যান। জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান এর চেয়ে জুনিয়র জনাব মোঃ সারুয়ার আলম, সহকারী অধ্যাপক, অর্থনীতিকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে জনাব মোঃ এ.বি. ছিদ্দিক অভিযোগ করেন। প্রতিষ্ঠানটির এডহক কমিটির মেয়াদ ১৭/০৮/২০১৯খ্রি. তারিখ শেষ হয়েছে। সে প্রেক্ষিতে মাউশি হতে সূত্র (খ) পত্র মোতাবেক উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের এডহক কমিটির মেয়াদ সমাপ্ত হওয়ার পরে নিয়মিত গভর্নিং বডি গঠিত হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য এবং জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮ এর ১৩ ধারা অনুসারে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতির যৌথ স্বাক্ষরে কলেজের শিক্ষক তালিকা প্রেরণ করার জন্য পত্র দেয়া হয়। কিন্তু অদ্যবধি তা পাওয়া যায়নি।

ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান এবং সেপ্টেম্বর/২০২০ মাসের কর্তনকৃত বেতন প্রদান করার জন্য জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন করেন। উক্ত পত্রের গায়ে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় মহোদয় স্বাক্ষর প্রদান করে আবেদন পত্রটি মাউশি অধিদপ্তরে প্রেরণ করেন।

উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ ২৯/১২/২০১৮খ্রি. তারিখ অবসরে যান। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান জ্যেষ্ঠতা দাবি করেন। কিন্তু অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে তাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব না দিয়ে জুনিয়র শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়। সে প্রেক্ষিতে জনাব মোঃ এ.বি. ছিদ্দিক, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ২৫৩৯/২০১৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট গত ১৪/০৩/২০১৯খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ময়মনসিংহকে আইনানুযায়ী বিষয়টি এক মাসের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশ প্রদান করে। কিন্তু তারপরও তাঁকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়নি।

এমতাবস্থায়, সরকারি আদেশ প্রতিপালন না করার কারণে জনবল কাঠামো- ২০১৮ এর (খ) ধারা মোতাবেক কেন আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১.১২.২০২০

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email: ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ

ভালুকা, ময়মনসিংহ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ, ভালুকা, ময়মনসিংহ
- ৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ (ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ (ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)
- ৫। সংরক্ষণ নথি।